

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পাকুন্দিয়া কিশোরগঞ্জ

www.fisheries.pakundia.kishoreganj.gov.bd

নং- ৩৩.০২.৪৮৭৯.৫০১.১৭.০৩৬.২০.২২.৫৯(২)

তারিখ: ০৭.০৭.২০২২ খ্রি.


সভার নোটিশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা মৎস্য দপ্তর, হোসেনপুর, কিশোরগঞ্জ এর শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য ও অন্তরায় চিহ্নিত করণের নিমিত্ত **নৈতিকতা কমিটির সভা** আগামী ১০ জুলাই ২০২২ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় জেলা মৎস্য দপ্তর, কিশোরগঞ্জ এর সম্মেলন কক্ষে (৩য় তলায়) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন মো: কাউছার মিয়া, উপজেলা মৎস্য কর্মকর্তা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

উক্ত তারিখ ও সময়ে কমিটির সভ্যগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য বিষয় :

১. উপজেলা দপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
২. পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
৩. কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
৪. উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।


০৭/০৭/২০২২


(মোঃ কাউছার মিয়া)
উপজেলা মৎস্য কর্মকর্তা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ

নং- ৩৩.০২.৪৮৭৯.৫০১.১৭.০৩৬.২০.২২.৫৯(২)/(৭)

তারিখ: ০৭.০৭.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রয়োজ্য ক্ষেত্রে গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ।
৪. সভাপতি, নৈতিকতা কমিটি।
৫. সদস্য-সচিব, নৈতিকতা কমিটি।
৬. সদস্য, নৈতিকতা কমিটি।
৭. অফিস কপি।


০৭/০৭/২০২২

(মোঃ কাউছার মিয়া)
উপজেলা মৎস্য কর্মকর্তা
হোসেনপুর, কিশোরগঞ্জ